গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং- ৩৪.০৪৩.০১৬.০০৩.২০১০(অংশ-১)-১৫ তারিখ ঃ ০৫-১০- ১৪২২ / ১৮-০১- ২০১৬

বিষয় ঃ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ।

সূত্রঃ প্রধানমন্ত্রীর দপ্তরের পত্র নং-০৩.০৭৮.০০৬.০০.০০৬.২০১৪(অংশ-১)-৬৮(৪), তারিখঃ-১০.০৮.২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনা এর বাস্তবায়ন সংক্রান্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অগ্রগতির প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ ৪ (চার) পাতা।

(মোঃ আলী হায়দার)
সহকারী সচিব
ফোন ঃ ৯৫৭৪৪২৯

সিনিয়র সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ ঃ পরিচালক-১১।

অনুলিপিঃ

সহকারী প্রোগ্রামার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
(ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।

pm

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি

মন্ত্রণালয় ঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

ক্র. নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা	প্রতিশ্রুতি প্রদানের তারিখ ও স্থান	প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	মন্তব্য
০১.	নেত্রকোনা জেলা সদরে যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন।	নেত্রকোনা ১৬/০২/২০১০	অফিস কাম-একাডেমিক ভবন, ছাত্রাবাস ও ছাত্রীনিবাস, সীমানা দেয়াল নির্মাণ, কাউ শেড এবং পোল্ট্রি শেড ইতোমধ্যে হস্তান্তর গ্রহণ করা হয়েছে। ভূমি উন্নয়ন কাজ শেষ হয়েছে যা হস্তান্তর প্রক্রিয়াধীন। কর্মচারীদের বাসস্থান, রাস্তা, বিদ্যুৎ, পুকুর ঘাট সমাপ্তির পথে যা অচিরেই হস্তান্তরিত হবে। এছাড়া ১৬-০২-২০১৫ তারিখ কার্যাদেশ প্রদানকৃত কর্মকর্তাদের বাসস্থান নির্মাণ কাজ চলমান রয়েছে। উপ-পরিচালকের কার্যালয় ইতোমধ্যে নতুন ভবনে স্থানান্তরিত হয়েছে। নির্মাণ কাজের গড় অগ্রগতি ৯৬%।	কার্যক্রম চলমান
০২.	নীলফামারী জেলায় যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন।	নীলফামারী ১২/১০/২০১১	সীমানা দেয়াল হস্তান্তর গ্রহণ করা হয়েছে। ভূমি উন্নয়ন, কাউ শেড, ছাত্রীনিবাস ও কর্মচারী বাসস্থান নির্মাণ কাজ সম্পাদিত হয়েছে যা হস্তান্তর প্রক্রিয়াধীন। অফিস কাম-একাডেমিক ভবন ও ছাত্রাবাস নির্মাণ কাজ সমাপ্তির পথে যা অচিরেই হস্তান্তরিত হবে। এছাড়া ১৬-০২-২০১৫ তারিখ কার্যাদেশ প্রদানকৃত কর্মকর্তাদের বাসস্থান নির্মাণ কাজ চলমান রয়েছে। নির্মাণ কাজের গড় অগ্রগতি ৯২%।	কার্যক্রম চলমান
০৩.	রংপুর বিভাগের সকল জেলায় ন্যাশনাল সার্ভিস সম্প্রসারণ করা ।	রংপুর ০৮/০১/২০১১	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি মোতাবেক রংপুর বিভাগের কুড়িগ্রাম ব্যতীত ৭টি জেলার (রংপুর, লালমনিরহাট, গাইবান্ধা, নীলফামারী, দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড়) ৮টি উপজেলায় (যথাক্রমে পীরগঞ্জ ও কাউনিয়া, হাতিবান্ধা, ফুলছড়ি, ডিমলা, খানসামা, হরিপুর এবং পঞ্চগড় সদর) ন্যাশনাল সার্ভিস কর্মসূচির ২য় পর্বের কার্যক্রম বাস্তবায়নের প্রক্রিয়া ২০১১-২০১২ অর্থ বছর হতে শুরু হয়। ২০১৩ খ্রিষ্টাব্দের ২৮ ফেব্রুয়ারি মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে কর্মসূচির শুভ উদ্বোধন করেন। অতঃপর ৩রা মার্চ ২০১৩ হতে কর্মসূচি বাস্তবায়নের বাস্তব কার্যক্রম মৌলিক প্রশিক্ষণ শুরু করা হয়। ৭টি জেলার ৮টি উপজেলায় মোট ১৬০৩৬ জন সুবিধাভোগীকে ৪ ধাপে তিন মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়। সর্বমোট প্রশিক্ষণ সম্পন্নকারীর সংখ্যা ১৪৫১৫ জন। প্রতিধাপের প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণ গ্রহণকারীগণকে অস্থায়ী কর্মে সংযুক্তি প্রদান করা হয়। অর্থাৎ অস্থায়ী সংযুক্তিও ৪ ধাপে প্রদান করা হয়েছে। সর্বমোট অস্থায়ী সংযুক্তি প্রাপ্তের সংখ্যা ১৪৪৬৭ জন। তন্মধ্যে ৩০-০৫-২০১৫ তারিখে ১ম ধাপের ৭১০২ জন, ২য় ধাপে ৩১ -০৮-২০১৫ তারিখে ৪৯৯১ জন এবং ৩০-১১-২০১৫ তারিখে ৩য় ধাপে ১৬৫০ জনের মেয়াদ পূর্তি হয়েছে। অর্থাৎ এ পর্যন্ত ১৩৭৫০ জনের মেয়াদ পূর্তি হয়েছে। বর্তমানে ৪র্থ ধাপের অবশিষ্ট ৭১৭ জন অস্থায়ী সংযুক্তিতে নিযুক্ত আছে যাদের মেয়াদ ২৮ -০২-২০১৬ তারিখে পূর্ণ হবে।	কার্যক্রম চলমান

pm

ক্র. নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা	প্রতিশ্রুতি প্রদানের তারিখ ও স্থান	প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	মন্তব্য
			ন্যাশনাল সার্ভিস ৪র্থ পর্ব সম্প্রসারণের যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নিম্নরুপ ব্যবস্থা গ্রহণ করা হয়েছেঃ ক) অনুমোদিত উপজেলাসমূহে ন্যাশনাল সাভিস কর্মসূচি বাস্তবায়নের উদ্দেশ্য সুবিধাভোগী বাছাইয়ের জন্য গত ১০.১২.২০১৫ তারিখে দৈনিক সমকাল এবং ১৫.১২.২০১৫ তারিখে দৈনিক বাংলদেশ প্রতিদিন পত্রিকায় বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। ১০ জানুয়ারি ২০১৬ পর্যন্ত আবেদন জমা নেয়া হয়েছে। খ) সংশ্লিষ্ট ৭ জেলায় উপপরিচালক ও তৎসংশ্লিষ্ট ২০টি উপজেলায় যুব উন্নয়ন কর্মকর্তাকে কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশণা দেয়া হয়েছে। গ) ৫টি বিভাগের বিভাগীয় কমিশনার ৭টি জেলার জেলা প্রশাসক ও ২০টি উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তাদের উপআনুষ্ঠানিক পত্র দেয়া হয়েছে। ঘ) সংশ্লিষ্ট সবার নিকট ন্যাশনাল সাভিস কর্মসূচি নীতিমালা প্রেরণ করা হয়েছে। ঙ) ন্যাশনাল সাভিস কর্মসূচিতে অন্তর্ভুক্তির জন্য বাস্তবায়নাধীন এলাকায় ব্যাপক প্রচারনা চালানোর জন্য পত্র দেয়া হয়েছে। চ) প্রকৃত সুবিধাভোগী নির্বাচনের স্বার্থে জরিপ পরিচালনার জন্য পত্র দেয়া হয়েছে।	
০৪।	নেত্রকোনা জেলায় একটি আধুনিক স্টেডিয়াম নির্মাণ	নেত্রকোনা জেলা ১৬-০২-২০১০ইং	"নীলফামারী ও নেত্রকোনা জেলা স্টেডিয়ায়ের উন্নয়ন এবং রংপুর মহিলা ক্রীড়া কলপ্লেক্স" শীর্ষক প্রকল্পের আওতায় নেত্রকোন জেলায় একটি আধুনিক স্টেডিয়াম নির্মাণ কাজ অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটি গত ১০-০২-২০১৫ তারিখের একনেক সভায় অক্টোবর/২০১৪ থেকে জুন/২০১৬ মেয়াদ অনুমোদিত হয়। প্রকল্পের নেত্রকোনা অংশের স্টেডিয়াম নির্মাণ কাজের অগ্রগতি ৫০%। প্যাভিলিয়ন বিল্ডিংয়ের দুই তলার স্ট্রাকচার নির্মাণ সমাপ্ত হয়েছে। গ্যালারীর ফাউন্ডেশনসহ ২০০ ফুট (১২০০ ফুটের মধ্যে) কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া সাইড ডেভেলপমেন্ট এবং প্যালাসাইটিং এর কাজও সমাপ্ত হয়েছে।	প্রকল্পের বাস্তব অগ্রগতি ৪০%
০৫।	গাজীপুর জেলার টঙ্গীস্থ টিএসএস ময়দানকে একটি আন্তর্জাতিকমানের স্টেডিয়াম হিসেবে উন্নীতকরণ।	টঙ্গীস্থ শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম ২৫-১২-২০০৮ইং	জুন' ২০১৪ তে কাজ সমাপ্ত হয়েছে।	প্রতিশ্রুতি বাস্তবায়িত হয়েছে।
০৬।	নারায়নগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলায় স্টেডিয়ামের জন্য নির্ধারিত জায়গায় খেলাধূলার জন্য উপযোগী করা এবং পর্যায়ক্রমে সেখানে স্টেডিয়াম নির্মাণ করা।	সিদ্ধিরগঞ্জ থানা, নারায়নগঞ্জ ১৪-০২-২০১০ইং	"মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ০৬ (ছয়)টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় নারায়নগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলায় স্টেডিয়াম নির্মাণ কাজটি অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটির গত ১২-০৭-২০১৫ইং তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ণ কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠনের কাজ জাতীয় ক্রীড়া পরিষদে প্রক্রিয়াধীন রয়েছে।	কার্যক্রম চলমান